بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

# আমানত

## গুরুত্ব, বিধান ও খেয়ানতের পরিণাম


গ্রন্থনা
মিজানুর রহমান ফকির

সম্পাদনা
প্রফেসর ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

| | |
|---|---|
| **বই** | **আমানত** |
| **গ্রন্থনা** | মিজানুর রহমান ফকির |
| **সম্পাদনা** | প্রফেসর ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া |
| **প্রকাশনা** | দারুল কারার পাবলিকেশন্স ও<br>কমিউনিটি ওয়েলফেয়ার ইনিশিয়াটিভ (CWI) |

# আমানত

## [গুরুত্ব, বিধান ও খেয়ানতের পরিণাম]

গ্রন্থনা

**মিজানুর রহমান ফকির**

দাওরায়ে হাদীস, মসজিদুল আকবর কমপ্লেক্স, মিরপুর-১, ঢাকা
বিএ (অনার্স), এমএ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

সম্পাদনা

**ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া**

পি.এইচ.ডি. (আকীদা), ইসলামী বিশ্ববিদ্যালয়, মদীনা মুনাওয়ারা
প্রফেসর, আল-ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিভাগ,
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

দারুল কারার পাবলিকেশন্স | CWI কমিউনিটি ওয়েলফেয়ার ইনিশিয়েটিভ

﴿يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ لَا تَخُونُواْ ٱللَّهَ وَٱلرَّسُولَ وَتَخُونُوٓاْ أَمَٰنَٰتِكُمۡ وَأَنتُمۡ تَعۡلَمُونَ ٢٧﴾ [الانفال: ٢٧]

হে মুমিনগণ! তোমরা জেনে-বুঝে আল্লাহ ও তাঁর রাসূলের সাথে খেয়ানত করো না, আর খেয়ানত করো না পরস্পরের আমানতসমূহের। [সূরা আল-আনফাল: ২৭]

# সম্পাদকের বাণী

আলহামদুলিল্লাহ, আল্লাহর প্রশংসা তিনি আমাদেরকে তাঁর আমানতের জন্য কবুল করেছেন। নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের প্রতি সালাত ও সালাম পেশ করছি, যিনি আমানত আদায়ের চরম পরাকাষ্ঠা প্রদর্শন করেছেন।

তারপর কথা হচ্ছে, আমরা যদি কুরআন ও সুন্নাহর ভাষ্য নিয়ে গবেষণা করি তাহলে দেখব, ইসলাম পুরোটিই আমানত। আল্লাহর দীন আল্লাহর পক্ষ থেকে তাঁর বান্দাদের কাছে আমানত। আল্লাহর বাণী আমাদের কাছে তাঁর আমানত। রাসূলের বাণী আমাদের কাছে আমানত। ঈমানিয়াত বিষয়গুলোতে যথাযথ ঈমান আনয়ন করাও আমানত। আল্লাহর শরীয়ত আমাদের কাছে তাঁর পক্ষ থেকে আমানত। আল্লাহর দেয়া সম্পদ আমাদের কাছে আমানত। অপরের সম্পদও একজন বিবেকবান মানুষের কাছে আমানত। আল্লাহ তা'আলা বলেন, "আমরা তো আসমান, যমীন ও পর্বতমালার প্রতি এ আমানত পেশ করেছিলাম, কিন্তু তারা এটা বহন করতে অস্বীকার করল এবং তাতে শঙ্কিত হলো, আর মানুষ তা বহন করল।" [সূরা আল-আহযাব: ৭২]

এ আয়াতের আলোকে একজন মানুষের বিবেকও আল্লাহর পক্ষ থেকে আমানত। আল্লাহ মানুষকে বিবেক দিয়েছেন তাঁর শরীয়ত অনুযায়ী চলার জন্য। সুতরাং দীন, আকীদা ও শরীয়ত সবই আমানত।

আমানতের এ ব্যাপকতা আমরা অনেকেই উপলব্ধি করতে পারি না। আমরা আমানতকে শুধু সম্পদের সাথে যুক্ত করেই ক্ষান্ত হয়ে যাই। অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম কথার সংরক্ষণকে আমানত বলেছেন। এ আমানত রক্ষা করাই ঈমানের পরিচায়ক। সেজন্য

হাদীসে এসেছে, ‘যার আমানত নেই তার ঈমান নেই’। আরও এসেছে, ‘আমানতের খেয়ানত করা মুনাফিকের আলামত’।

আজকাল আমানতের খেয়ানত যেন মানুষের অভ্যাসে পরিণত হয়েছে। মিডিয়া ও গণমাধ্যমে যারা একবার প্রবেশ করেছে তারা আমানত রক্ষা করতে প্রায় অসমর্থ হয়ে পড়েছে। তারা নিজস্ব চিন্তা কিংবা দল-মতের রংচং মাখিয়ে আসল সত্যকে পুরোপুরি পরিবর্তন করে উপস্থাপন করছে। কত মানুষ যে তাদের দ্বারা খেয়ানতের শিকার হচ্ছেন তার কোনো ইয়ত্তা নেই।

আজ আমানতের শিক্ষা, গুরুত্ব, বিধান ও আমানত বিনষ্ট করার পরিণতি সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা তৈরি করার প্রয়োজনীয়তা অনেক বেশি অনুভূত হচ্ছে।

তাই আমানত নিয়ে সমৃদ্ধ একটি গ্রন্থ প্রণয়নের খুবই দরকার ছিল। এ অবস্থায় জনাব মিজানুর রহমান ফকির ‘আমানত’ নামক গ্রন্থটি রচনা করে সে প্রয়োজন পূরণ করেছে বলে আমি মনে করি।

গ্রন্থটি আমি আগাগোড়া পড়ে দেখেছি এবং প্রয়োজনীয় সম্পাদনা করেছি। আমি আশা করি, এটি মানুষের মাঝে এ বিষয়ে যথাযথ সচেতনতা তৈরিতে সহায়তা করবে।

পরিশেষে আল্লাহর কাছে দো‘আ করি, তিনি যেন গ্রন্থটিকে কবুল করেন এবং এর প্রণেতা, সম্পাদক ও প্রচারকারী সকলকে উত্তম পুরস্কার দান করেন। আমীন।

**ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া**
প্রফেসর, আল-ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিভাগ,
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
২৩/০৪/২০২৪ খ্রি.

# লেখক ও সম্পাদক পরিচিতি

**লেখক:** মিজানুর রহমান ফকির। তিনি ১৯৯৩ সালে নেত্রকোণা জেলার কংস নদীর তীরে বারহাট্টা উপজেলার ফকিরের বাজারস্থ চরপাড়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ফকির বংশে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম আব্দুল কুদ্দুস ফকির। তিনি এলাকার প্রাচীনতম দীনী বিদ্যাপিঠ 'হিফজুল উলুম মাদ্‌রাসা'য় প্রাথমিক শিক্ষা সম্পন্ন করে কওমী শিক্ষাধারা ক্রমচক্রে সর্বশেষ ২০০৯ সালে 'জামিয়া ইসলামিয়া দারুল উলুম (মসজিদুল আকবর কমপ্লেক্স), মিরপুর-১, ঢাকা' থেকে তাকমীল (দাওরায়ে হাদীস)-এ কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন। সেই সাথে বহুমুখি শিক্ষায় নিজেকে তৈরি করার অদম্য স্পৃহা নিয়ে ২০০৮ সালে নেত্রকোণা জেলার 'দশধার মিসবাহুল উলূম দাখিল মাদ্‌রাসা' থেকে দাখিল, ২০১০ সালে 'এন. আকন্দ কামিল (স্নাতকোত্তর) মাদ্‌রাসা নেত্রকোণা' থেকে আলিম, ২০১৪ সালে 'ইসলামী বিশ্ববিদ্যালয়' এর অধীনে আল-হাদীস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগে স্নাতক (সম্মান) এবং ২০১৫ সালে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। বর্তমানে প্রখ্যাত ইসলামী চিন্তাবিদ, মিডিয়া ব্যক্তিত্ব, সহস্রাধিক গ্রন্থের লেখক, অনুবাদক ও সম্পাদক ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া, বাংলাদেশ-এর আইন ও শরীয়াহ অনুষদের অধ্যাপক, প্রফেসর ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া (হাফিযাহুল্লাহ) এর সান্নিধ্যে ইসলামী গবেষণা কর্মে সহকারী এডিটর হিসেবে কর্মরত আছেন।

**সম্পাদক:** প্রফেসর ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া। তিনি ১৯৬৯ সালে কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন ধনুসাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। সরকারী মাদ্‌রাসা-ই আলিয়া ঢাকা হতে ১৯৮৮ সালে অনুষ্ঠিত কামিল (হাদীস) পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম শ্রেণিতে প্রথম স্থান অর্জন করেন। তারপর মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে অনার্স, মাস্টার্স, এমফিল ও পি.এইচ.ডি ডিগ্রি অর্জন করেন। তিনি 'আল কুরআনুল কারীমের অর্থানুবাদ ও সংক্ষিপ্ত তাফসীর' নামে কুরআনের বৃহৎ খিদমত আঞ্জাম দিয়েছেন, যা কিং ফাহাদ কুরআন প্রিন্টিং প্রেস সৌদি আরব থেকে প্রকাশিত হয়েছে। ইসলামের বিভিন্ন বিষয়ের ওপর তাঁর লিখিত, অনূদিত ও সম্পাদিত বহু সংখ্যক বই ইতঃমধ্যে প্রকাশিত হয়েছে। বর্তমানে তিনি ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া'র আইন ও শরীয়াহ অনুষদভুক্ত আল-ফিক্‌হ এন্ড লিগ্যাল স্টাডিজ বিভাগের অধ্যাপক হিসেবে নিয়োজিত আছেন।

# সূচিপত্র


সম্পাদকের বাণী ৬

লেখক ও সম্পাদক পরিচিতি ৮

ভূমিকা ১৫

## প্রথম অধ্যায়: আমানত

আমানতের পরিচয় ১৯

আমানত দ্বারা উদ্দেশ্য ২২

আমানতের প্রকারভেদ ২৫

আমানত রক্ষার বিধান ও গুরুত্ব ২৬

খায়বার যুদ্ধের একটি ঘটনা ৩০

আমানত রক্ষা করার ক্ষেত্রে মানুষের শ্রেণিবিভাগ ৩১

ইসলামে আমানতের অবস্থান ৩২

আমানতের প্রয়োজনীয়তা ৩৮

আমানতের ক্ষেত্রসমূহ ৩৯

১. কুরআন ও সুন্নাহর ক্ষেত্রে আমানত ৪২

২. দীনের ক্ষেত্রে আমানত ৪৫
৩. ইবাদতর ক্ষেত্রে আমানত ৪৬
৪. অঙ্গীকার রক্ষার ক্ষেত্রে আমানত ৪৭
৫. মেধা, জ্ঞান-বুদ্ধি ও যোগ্যতার ক্ষেত্রে আমানত ৪৯
৬. মানুষের অঙ্গ-প্রত্যঙ্গের ক্ষেত্রে আমানত ৫০
৭. প্রতিবেশীর আমানত ৫৩
৮. ইয়াতীমের মালের ক্ষেত্রে আমানত ৫৫
৯. পরামর্শের ক্ষেত্রে আমানত ৫৭
১০. মজলিসের কথা আমানত ৫৮
১১. স্বামী-স্ত্রী একে অপরের ক্ষেত্রে আমানত ৫৯
১২. সন্তান-সন্ততির ক্ষেত্রে আমানত ৬২
১৩. সাক্ষ্য দেয়ার ক্ষেত্রে আমানত ৬৩
১৪. সময় ব্যবহারের ক্ষেত্রে আমানত ৬৫
১৫. কথাবার্তার ক্ষেত্রে আমানত ৬৮
১৬. হাদীস বর্ণনার ক্ষেত্রে আমানত ৭০
১৭. দাওয়াত ও তাবলীগের আমানত ৭২
আল্লাহর পথে দাওয়াত ও তাবলীগের পদ্ধতি ৭৫
১৮. সম্পদ ব্যবহারের ক্ষেত্রে আমানত ৭৬
১৯. পণ্য ওজন করা ও পরিমাপ করার ক্ষেত্রে আমানত ৭৭
২০. গোপনীয়তা রক্ষার ক্ষেত্রে আমানত ৭৯
২১. শিক্ষার্থীরা শিক্ষকদের কাছে আমানত ৮২
২২. দাম্পত্য সম্পর্কের ক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করা আমানত ৮৪

২৩. ধার করা জিনিসের ক্ষেত্রে আমানত ৮৬
২৪. ভাড়া করা জিনিসের ক্ষেত্রে আমানত ৮৭
২৫. বন্ধকের ক্ষেত্রে আমানত ৮৮
২৬. ইমামতির ক্ষেত্রে আমানত ৯০
২৭. মসজিদের সম্পদের ক্ষেত্রে আমানত ৯২
২৮. চাকরির সময়টুকু ব্যবহারের ক্ষেত্রে আমানত ৯৩
২৯. দফতরের আসবাবপত্রের ক্ষেত্রে আমানত ৯৩
৩০. সরকারি পদ ও জাতীয় সম্পদের ক্ষেত্রে আমানত ৯৪
৩১. সরকারি জিনিসপত্র আমানত ৯৬
৩২. প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে আমানত ৯৬
৩৩. রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে আমানত ৯৮
৩৪. পরিবেশ সংরক্ষণে আমানত ৯৯
৩৫. শাসনকার্যের ক্ষেত্রে আমানত ১০০
৩৬. শ্রমিকের অধিকার রক্ষায় আমানত ১০১
৩৭. ইসলামী রাষ্ট্রের সীমানা রক্ষার ভালোবাসায় আমানত ১০৩
৩৮. জ্ঞানের আমানত ১০৪
জ্ঞান অর্জনের আমানত ১০৭
জ্ঞান বিতরণ করার আমানত ১০৮
৩৯. কলম ব্যবহারের ক্ষেত্রে আমানত ১০৯
৪০. প্রত্যেকটি পেশা আমানত ১১০
আমানত শ্রেষ্ঠত্বের নিশ্চয়তা ১১২
পৃথিবীর সর্বশ্রেষ্ঠ 'আল আমিন' ও আরবের সর্বশ্রেষ্ঠ আমানতের অধিকারিনী নারীর বিয়ে ১১৪

ব্যক্তিগত জীবনে আমানতের প্রভাব ১১৭
সমাজজীবনে আমানতের প্রভাব ১২০
কীভাবে আমানতদারিতার চরিত্র অর্জন করা যায়? ১২৬
আমানত নিয়ে চিন্তা করুন, জীবন নিয়ে নয় ১২৯
আমানত রক্ষায় একটি চমৎকার ত্যাগ ১৩৩
মুসলিম জাতির শ্রেষ্ঠ আমানতদার যিনি ১৩৬
নবী-রাসূলগণের ওপর আরোপিত আমানতের হাল-চিত্র ১৪২
১. নবী-রাসূলগণের কাছে ওহী পৌঁছানোর ক্ষেত্রে জিবরীল 'আলাইহিস সালামের আমানতদারিতা ১৪২
২. নূহ 'আলাইহিস সালামের আমানতদারিতা ১৪৪
৩. হূদ 'আলাইহিস সালামের আমানতদারিতা ১৪৮
৪. সালেহ 'আলাইহিস সালামের আমানতদারিতা ১৪৯
৫. লূত 'আলাইহিস সালামের আমানতদারিতা ১৫০
৬. শু'আইব 'আলাইহিস সালামের আমানতদারিতা ১৫২
৭. ইউসুফ 'আলাইহিস সালামের আমানতদারিতা ১৫৩
৮. মূসা 'আলাইহিস সালামের আমানতদারি ১৫৬
৯. আমাদের নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের আমানতদারি ১৬১
সাহাবায়ে কেরাম রাদ্বিয়াল্লাহু 'আনহুমের জীবনে আমানতদারি ১৬৩
আমানতদারির কতিপয় দৃষ্টান্ত ১৬৬
মুসলিম মনীষীদের কর্মক্ষেত্রে সততা ও আমানতদারিতা ১৭৫
(ক) রাষ্ট্রীয় সম্পদ বণ্টন ও দানের ক্ষেত্রে সততা ও আমানতদারিতা ১৭৫
(খ) রাষ্ট্রীয় সম্পদ হিফাযতের ক্ষেত্রে সততা ও আমানতদারিতা ১৭৮
(গ) ব্যবসায় সততা ও আমানতদারিতার অনুপম দৃষ্টান্ত ১৭৯

(ঘ) একজন ন্যায়নিষ্ঠ বিচারকের দৃষ্টান্ত ১৮০
(ঙ) কৃষি ও চাষাবাদে আমানতদারিতা ১৮২
(চ) শাসকের বাসস্থান যখন খেজুরপাতার ছাউনি ১৮২
(ছ) রাখাল ক্রীতদাসের সততা ও আমানতদারিতা ১৮৪
(জ) 'উমার ইবন আবদুল আযীয রাহিমাহুল্লাহর জননীর আমানতদারিতা ১৮৫
(ঝ) আবদুল্লাহ ইবনুল মুবারক রাহিমাহুল্লাহর পিতার আমানতদারিতা ১৮৭
আমানত আদায় ও খেয়ানত বর্জনের প্রতি নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের অসিয়ত ১৮৯
আমানতদারিতার উপকারিতা ১৯০
আমানত আদায়ে বর্তমান উম্মাহর অবস্থা ১৯১

## দ্বিতীয় অধ্যায়: খেয়ানত

খেয়ানতের পরিচয় ১৯৫
খেয়ানতের প্রকারভেদ ১৯৬
সবচেয়ে বড় খেয়ানত ১৯৯
খেয়ানতের হুকুম ২০০
খেয়ানতের বিভিন্ন রূপ ২০০
১. কুফর খেয়ানতের সবচেয়ে ভয়াবহ রূপ ২০১
২. সকল গোনাহই খেয়ানত ২০১
৩. প্রতিশ্রুতি ভঙ্গ করা চরম খেয়ানত ২০৩
৪. অন্যায়ের পক্ষপাতিত্ব গুরুতর খেয়ানত ২০৪
৫. অযোগ্যের হাতে দায়িত্ব দেয়া খেয়ানত ২০৪
৬. ভুল পরামর্শ প্রদান করা খেয়ানত ২০৬

৭. মিথ্যা বলা খেয়ানত ২০৭
৮. স্বামী-স্ত্রীর পারিবারিক ও একান্ত বিষয়াদি অন্যের নিকট প্রকাশ করা খেয়ানত ২০৭
১০. খেয়ানতকারীর সঙ্গেও খেয়ানত নয় ২০৯
খেয়ানতের ভয়াবহ পরিণাম ২০৯
অঙ্গ-প্রত্যঙ্গের খেয়ানত ও আত্মহত্যার শাস্তি ২১২
প্রজাদের অধিকারের ব্যাপারে খেয়ানতকারী শাসকের শাস্তি ২১৪
খলিফা ‘উমার রাদ্বিয়াল্লাহু ‘আনহুর একটি ঘটনা ২১৫
খেয়ানতের কারণ ও তার প্রতিকার ২১৬
ব্যক্তি ও সমাজজীবনে খেয়ানতের প্রভাব ২২০
খেয়ানতকারীর পক্ষপাতিত্ব নিষেধ ২২১
মুসলিম কখনও খেয়ানত করতে পারে না ২২২
খেয়ানত বা বিশ্বাসঘাতকতার প্রভাব থেকে পরিত্রাণের কতিপয় উপায় ২২৪
খেয়ানত থেকে বেঁচে থাকার দো‘আ ২২৭
পরিশিষ্ট ২২৯
গ্রন্থপঞ্জি ২৩৩

# ভূমিকা

বিসমিল্লাহির রহমানির রহীম

সমস্ত প্রশংসা রাব্বুল আলামীন আল্লাহর জন্য, যিনি আমাদের জন্য দীন ইসলামকে একমাত্র জীবনাদর্শরূপে মনোনীত করেছেন। সালাত ও সালাম বর্ষিত হোক আমানত ও বিশ্বস্ততার প্রতীক আস-সাদিক, আল-আমীন মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর পরিবার-পরিজনের ওপর। অতঃপর

আমানত রক্ষা করা মানবজাতির এক ব্যাপক তাৎপর্যপূর্ণ মহান দায়িত্ব। দীন ও দুনিয়ার সকল দায়িত্ব-কর্তব্যের উৎস ও ইসলামের অবিচ্ছেদ্য অংশ। দুনিয়া ও আখেরাতের সফলতা ও শৃঙ্খলা জড়িয়ে আছে এর সাথে। ইসলামের সবকিছুকে যদি তরলায়ন করে একটি পাত্রে জমা করে রাখা হয় তবে সে পাত্রটির নাম হবে আমানত। এটি এমন একটি মহৎ গুণ যার ভিত্তিতে মানুষ দীনের ধারক-বাহক হয়েছে, যে গুণে রাজা-প্রজা, কৃষক-বণিক, মালিক-শ্রমিক, ধনী-গরীব, বড়-ছোট, ছাত্র-শিক্ষকের মধ্যে কোনো পার্থক্য নেই। বরং এটা সবার জন্য সম্মান ও মর্যাদার উৎস। এটি মানুষের আসল পুঁজি, সাফল্য ও সমৃদ্ধির গ্যারান্টি এবং উন্নতি ও অগ্রগতির চাবিকাঠি।

আমানতকে যদি শষ্যবীজ বলে ধরে নেয়া হয়, তাহলে এর অভ্যন্তরে লুকিয়ে আছে দীন ইসলাম ও শরীয়তের একটি ফলদায়ক ও সপুষ্পক বৃক্ষ; যা মূলত এই আমানতেরই বহিঃপ্রকাশ এবং এর ওপরই দীনের প্রতিষ্ঠা ও টিকে থাকা নির্ভরশীল। আমানতের ভিত্তিতে একজন ব্যক্তি দায়িত্বশীল হয়ে উঠে এবং দীন ও শরীয়তের বিধি-বিধান মেনে চলার ক্ষমতা অর্জন করে। এ জন্যই আসমান ও যমীনের মতো মহান সৃষ্টি এবং পাহাড়ের মতো কঠিন ও স্থিতিশীল মাখলুকও আমানত রক্ষার দায়িত্বভার গ্রহণ করতে পারেনি। অতঃপর আল্লাহ রাব্বুল আলামীন তা মানুষের স্বভাব ও প্রবৃত্তিতে স্থাপন করেছেন। নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের ভাষ্যমতে আমানতকে